প্রবাসী কল্যাণ ব্যাংক

ঋণ আদায় ও আইন বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা

পরিপত্র নং- ০৮/২০১৮	তারিখ: ২১.০৩.২০১৮

বিষয়: প্রবাসী কল্যাণ ব্যাংকের ঋণ ও অগ্রীম শ্রেণীকরণ প্রভিশনিং ও স্থগিত সুদের হিসাবায়ন সংক্রান্ত সংশোধন প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে প্রধান কার্যালয়ের পরিপত্র নং-৪০/২০১৬ তারিখ: ২০.০৬.২০১৬ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করা যাচ্ছে।

উক্ত পরিপত্রে শ্রেণীবিন্যাস করণে কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ মাপকাঠি বিবেচনা করা হতো (পর্ষদের ৩৬ তম সভার অনুমোদন) কিন্তু কিস্তিতে পরিশোধযোগ্য ঋন মেয়াদী ঋণ বিধায় কিস্তি খেলাপী অথবা মেয়াদোত্তীর্ণ যেটি আগে ঘটে,সেটি মোতাবেক শ্রেণীবিন্যাস না হওয়ায় বাংলাদেশ ব্যাংক পরিদর্শন দল আপত্তি উত্থাপন করেন। বাংলাদেশ ব্যাংকের উত্থাপিত আপত্তি নিষ্পত্তিকল্পে তাদের পরামর্শ মতে কিস্তিতে পরিশোধযোগ্য ঋণের শ্রেণীবিন্যাস করণে খেলাপী কিস্তির সংখ্যার উপর শ্রেণীবিন্যাসের মাপকাঠি নিরূপিত হবে। শ্রেণীকরণের মানদন্ড নিম্নরূপে সংশোধিত হবে ঃ

১.০ অভিবাসন ঋণ (কিস্তিতে পরিশোধযোগ্য)

	শ্রেণীবিন্যাসিত ঋণের মাপকাঠি (খেলাপি কিস্তির সংখ্যা)	শ্রেণীকরণের মান (Classification Status)
১.০	খেলাপী কিস্তির সংখ্যা ১২টির বেশি কিন্তু ৩৬টি পর্যন্ত	নিম্নমান (SS)
২.০	খেলাপী কিস্তির সংখ্যা ৩৬টির বেশি কিন্তু ৬০ টি পর্যন্ত	সন্দেহজনক (DF)
৩.০	খেলাপী কিস্তির সংখ্যা ৬০টির বেশি হলে	মন্দ ঋণ (BL)

২.০ পুনর্বাসন ঋণ

ক. কিস্তিতে পরিশোধযোগ্য ঃ

	শ্রেণীবিন্যাসিত ঋণের মাপকাঠি (খেলাপি কিস্তির সংখ্যা)	শ্রেণীকরণের মান (Classification Status)
১.০	খেলাপী কিস্তির সংখ্যা ১২টির বেশি কিন্তু ১৮টি পর্যন্ত	নিম্নমান (SS)
২.০	খেলাপী কিস্তির সংখ্যা ১৮টির বেশি কিন্তু ২৪ টি পর্যন্ত	সন্দেহজনক (DF)
৩.০	খেলাপী কিস্তির সংখ্যা ২৪ টির বেশি হলে	মন্দ ঋণ (BL)

চলমান পাতা-০২

প্রবাসী কল্যাণ ব্যাংক

ঋণ আদায় ও আইন বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা

খ. এককালীন পরিশোধযোগ্যঃ

	শ্রেণীবিন্যাসের মাপকাঠি (Overdue Period)	শ্রেণীকরণের মান (Classification Status)
১.০	Overdue Period ১২ মাসের বেশি কিন্তু ২৪ মাস পর্যন্ত (মেয়াদোর্ত্তীণের পর)	নিম্নমান (Sub-Standard)
২.০	Overdue Period ২৪ মাসের বেশি কিন্তু ৩৬ মাস পর্যন্ত (মেয়াদোর্ত্তীণের পর)	সন্দেহজনক (Doubtful)
৩.০	Overdue Period ৩৬ মাসের বেশি (মেয়াদোর্ত্তীণের পর)	মন্দ ঋণ (Bad & Loss)

উপরোক্ত কিস্তিতে পরিশোধযোগ্য অভিবাসন ও পুর্নবাসন ঋণের সংশোধনের প্রস্তাব পর্ষদের ১৫.০৩.২০১৮ তারিখের ৪৭ তম সভায় পেশ করা হলে তা অনুমোদিত হয়।

অতএব, পর্ষদের অনুমোদন মোতাবেক কিস্তিতে পরিশোধযোগ্য ঋণ খেলাপী কিস্তির সংখ্যার ভিত্তিতে ঋণের শ্রেণীবিন্যাস সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, উপরোক্ত সংশোধন ব্যতীত পূর্বের পরিপত্র নং ৪০/২০১৬ তারিখ: ২০.০৬.২০১৬ এর অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

অতএব, এ নির্দেশ অনতিবিলম্বে কার্যকর হবে ।

২২/০৩/২০১৮

(চৌধুরী গোলাম রহমান)
এসপিও/ বিভাগীয় প্রধান
ঋণ আদায় ও আইন বিভাগ

২২/০৩/১৮

(মোঃ জহির রায়হান)
মহাব্যবস্থাপক(অপারেশন)

শাখা ব্যবস্থাপক (সকল)
প্রবাসী কল্যাণ ব্যাংক।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ,প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

২. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় ,প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৩. মহাব্যবস্থাপক (প্রশাসন/ পরিচালন) মহোদয় ,প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।

৪.বিভাগীয় প্রধান , সকল বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।

৫. সংশ্লিষ্ট কর্মকর্তা,আইটি বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা

৬. অফিস কপি।